

**Banking Regulation and Policy Department
Bangladesh Bank
Head Office
Dhaka**

BRPD Circular Letter No.- 03

March 23, 2009
Date -----
Chaitra 09, 1415

Chief Executives
All Scheduled Banks in Bangladesh

Dear Sir,

**VAT calculation in case of service charge
charged at a reduced rate than chargeable fixed rate by the banks**

For the information of all concerned NBR's [letter No. 8\(8\) Mushak Ni: O Ba:/99\(Angsha-1\)/403\(2\)](#) dated February 18, 2009 is reproduced overleaf in to-to.

This instruction shall come into force with immediate effect and you are requested to ensure its compliance by all of your branches.

Please acknowledge receipt.

Yours sincerely,

(Abu Hena Mohd. Razee Hassan)
General Manager
Phone: 7117825

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুন বাগিচা, ঢাকা

নথি নং চ(চ)মূসক নীঃ ও বাঃ/৯৯(অংশ-১)/৪০৩(২)

তারিখ : ১৮-০২-২০০৯ খ্রিঃ

বিষয় : ব্যাংক কর্তৃক সেবা প্রদানের বিপরীতে নির্ধারিত সেবামূল্য অপেক্ষা হ্রাসকৃত মূল্য গ্রহণের ক্ষেত্রে মূল্য সংযোজন কর (মূসক) আরোপযোগ্য মূল্য নির্ধারণ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ প্রসংগে।

- সূত্র : ১। Standard Chartered Bank, ৬৭ গুলশান এভিনিউ, ঢাকা-এর ২৮ জানুয়ারী, ২০০৯ তারিখের পত্র।
- ২। The Hongkong and Shanghai Banking Corporation Ltd. Anchor Tower, Sonargaon Road, Dhaka -এর ২৭ জানুয়ারী, ২০০৯ তারিখের পত্র।
- ৩। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-চ(চ)মূসক-নীঃ ও বাঃ/৯৯(অংশ-১)/৩২৬, তারিখঃ ১৫-১২-২০০৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ব্যাংকিং সেবার ক্ষেত্রে Standard charge এর উপর মূল্য সংযোজন কর (মূসক) এর পরিবর্তে সংকুচিত মূল্যে (Reduced charge) সেবা প্রদানে সর্বমোট প্রাপ্তির উপর মূসক আদায়ের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের নিম্নরূপ সিদ্ধান্ত ইতোপূর্বে সংশ্লিষ্ট সকলকে জানিয়ে দেয়া হয়েছে :

“ব্যাংকিং সেবা প্রদানের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক এর সিডিউল সেবামূল্য অপেক্ষা হ্রাসকৃত মূল্যে যদি কোন ব্যাংক সেবা প্রদান করে এবং উক্ত হ্রাসকৃত সেবামূল্যের ক্ষেত্রে স্ব-স্ব ব্যাংকের সুনির্দিষ্ট সিডিউলে বর্ণিত সেবামূল্যের ভিত্তিতে মূসক প্রদেয় হবে।”

০২। উল্লেখ্য যে, আলোচ্য প্রতিষ্ঠান দুটি হতে সূত্রোক্ত ১ ও ২ নং আবেদনের মাধ্যমে “কোন ক্ষেত্রে বিনামূল্যে সেবা প্রদান করা হলেও সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক নির্ধারিত চার্জ এর তালিকার নূন্যতম হারে মূসক আদায়যোগ্য হবে” মর্মে-জাতীয় রাজস্ব বোর্ডের যে অনুমোদন কামনা করা হয়েছে তা মূলতঃ সূত্রীয় ৩ নং পত্রের সিদ্ধান্তে বিদ্যমান রয়েছে। সুতরাং এক্ষেত্রে পৃথক কোন অনুমোদনের প্রয়োজন নেই মর্মে জাতীয় রাজস্ব বোর্ড মনে করে।

০৩। সুতরাং, উল্লিখিত সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত-

[মোহাম্মদ ফাইজুর রহমান]

দ্বিতীয় সচিব, মূসক(নীতি ও বাজেট)